



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬১.০০.২৪.২০১২-২২২৩

তারিখঃ ২০/১১/২০১৩ খ্রিঃ

বিষয়ঃ সেলাই ও এমব্রয়ডারি ট্রেডের প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত উপকারভোগী প্রশিক্ষনার্থী মনোনয়নপূর্বক তাদেরকে প্রশিক্ষণে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাব্যয়ী “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প” এর আওতায় আয়বর্ধক কর্মকাণ্ডে প্রকল্পভূক্ত উপজেলাসমূহের সুফলভোগীদের জন্য গোপালগঞ্জ জেলার কোটালিপাড়াহু “বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন প্রশিক্ষণ কমপ্লেক্স (বর্তমানে বাপার্ড)” এ আগামী ৭/১২/২০১৩ খ্রিঃ হতে ৬/১/২০১৪ খ্রিঃ পর্যন্ত ৩০ দিন ব্যাপী সেলাই ও এমব্রয়ডারি বিষয়ে ৪০ জনের একটি ব্যাচে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আপনার দপ্তর হতে প্রকল্পভূক্ত প্রাথমিক সমিতির ২(দুই) জন সদস্য প্রকল্পের স্মারক নং : ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২৪.২০১২.৯৮১; তারিখঃ ১৬/০৭/২০১৩ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক নির্বাচিত হবে। এ ক্ষেত্রে প্রাথমিক সমিতির সিদ্ধান্তের আলোকে উপজেলা নির্বাহী অফিসারকে সম্পূর্ণ রেখে মনোনয়ন ছড়ান্ত করতে হবে। নির্ধারিত সূচি মোতাবেক প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনীত প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষণে অংশগ্রহণের ছাড়পত্রের অনুলিপি প্রশিক্ষণ শুরুর ন্যূনতম ৩ দিন পূর্বে প্রকল্প সদর কার্যালয়কে অবহিত করতে হবে। উল্লেখ্য, একজন সুফলভোগী একের অধিক আইজিএ প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ না পায় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

২। নির্বাচিত সুফলভোগী সদস্যদেরকে ৬/১২/২০১৩ খ্রিঃ শুক্রবার, বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে গোপালগঞ্জের কোটালিপাড়াহু বাপার্ডে উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

প্রকৌশলী মোঃ রাশেদুল আলম

প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

..... উপজেলা (১৮)

যশোর/চুয়াডাঙ্গা/মেহেরপুর/সাতক্ষীরা/বাগেরহাট/খুলনা/বরিশাল জেলা।

স্মারক নং- ৪৭.৬২.০০০.৯৬১.০০.২৪.১২-১২২৩

তারিখঃ ২০/১১/২০১৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১. উপজেলা নির্বাহী অফিসার,..... উপজেলা, যশোর/চুয়াডাঙ্গা/মেহেরপুর/সাতক্ষীরা/বাগেরহাট/খুলনা/বরিশাল জেলা।
২. উপ পরিচালক, বাপউবো, যশোর/কুষ্টিয়া/সাতক্ষীরা/খুলনা/বরিশাল/বাগেরহাট জেলা।
৩. পরিচালক (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বাপউবো, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাপউবো, ঢাকা।
৬. সহকারী প্রোগ্রামার (ইরেসপো), বাপউবো, ঢাকা।
৭. অফিস নথি/সংশ্লিষ্ট নথি।



মোঃ আবুল কালাম

উপ প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

ফোন নং -০২-৮১৮০১৪৩